



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর : ১৫-২/২২৪৫(৪১৫)/৪-পান

তারিখ : ২৭.১১.২০২০

প্রেরক : পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

প্রাপক : প্রধান পরীক্ষকবৃন্দ এস এস সি পরীক্ষা ২০২০


ঠিকানা :

বিষয় : এস এস সি পরীক্ষা ২০২০ এর পরীক্ষিত উত্তরপত্র বিক্রয় প্রসঙ্গ

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, এস এস সি পরীক্ষা ২০২০ এর ফলাফল ৩১-০৫-২০২০ তারিখে এবং পুনঃনিরীক্ষণের ফলাফল ৩০-০৬-২০২০ তারিখে প্রকাশিত হয়েছে। শিক্ষা বোর্ডের বিধি মোতাবেক ৩০-১১-২০২০ তারিখ ৬ মাস পূর্ণ হবে বিধায় আপনার নিকট রক্ষিত পরীক্ষিত উত্তরপত্রগুলি নিম্নে উল্লিখিত নীতিমালা অনুসরণ পূর্বক বিক্রয়ের নির্দেশ প্রদান করা হ'ল।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ৩০-০৫-২০০৯ তারিখ ১১২ তম অর্থ কমিটি এবং ২১৮ তম বোর্ড সভার সিদ্ধান্ত ও ১৮-০৩-২০১৭ তারিখের ২৪১তম বোর্ড সভার ১২ নম্বর সিদ্ধান্ত মোতাবেক :

১. প্রধান পরীক্ষকগণের নিকট রক্ষিত মাধ্যমিক পরীক্ষায় মূল্যায়নকৃত পূর্ণ উত্তরপত্র ৩২(বত্রিশ)টিতে এক কেজি এবং অর্ধ উত্তরপত্র ৪২ (বিয়াল্লিশ) টিতে ০১ (এক) কেজি ওজন বিবেচনা করে বিক্রয়ের ব্যবস্থা নিতে হবে।
২. মূল্যায়নকৃত উত্তরপত্র প্রতি কেজি প্রচলিত বাজার দরে বিক্রয়কৃত সর্বমোট টাকার ৯৫% বিল থেকে কর্তন করা হবে।
৩. প্রধান পরীক্ষকগণ উত্তরপত্র বিক্রয়ের ব্যবস্থাপনা/ আনুসংগিক খরচ বাবদ ৫% টাকা ব্যয় করতে পারবেন।
৪. বোর্ডের নির্দেশ প্রাপ্তির তারিখ থেকে এক মাসের মধ্যেই প্রধান পরীক্ষকগণ উত্তরপত্র বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করবেন।
৫. মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নম্বর ৪৯৭৩/২০২০ এর আদেশ মোতাবেক তা বাস্তবায়নে পরীক্ষার উত্তরপত্র বিক্রির নির্দেশ দেয়ার ১৫ দিনের মধ্যে প্রচলিত বাজার দরে সংশ্লিষ্ট প্রধান পরীক্ষকগণের নিকট হতে উত্তরপত্র সমূহ পথ শিশু কল্যাণ ট্রাস্ট এর প্রধান নির্বাহী কর্মকর্তা ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে ব্যর্থ হলে প্রধান পরীক্ষকগণ প্রচলিত নিয়মানুযায়ী তা বিক্রয় করতে পারবেন।



পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

তারিখ : ২৭.১১.২০২০

স্মারক নম্বর : ১৫-২/২২৪৫(৪১৫)/৪-পান

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হ'ল :

১. সচিব, শিক্ষা বোর্ড রাজশাহী
২. পরীক্ষা নিয়ন্ত্রক, শিক্ষা বোর্ড রাজশাহী
৩. কলেজ পরিদর্শক, শিক্ষা বোর্ড রাজশাহী
৪. বিদ্যালয় পরিদর্শক, শিক্ষা বোর্ড রাজশাহী
৫. উপ-পরিচালক (হি: ও নি:), শিক্ষা বোর্ড রাজশাহী
৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা বোর্ড রাজশাহী
- ৭-৯. হিসাব রক্ষণ অফিসার, অডিট অফিসার, উপ-সচিব (ভাভার), শিক্ষা বোর্ড রাজশাহী
১০. প্রধান নির্বাহী কর্মকর্তা পথ শিশু কল্যাণ ট্রাস্ট,
৫/২৯ সলিমুল্লাহ রোড, মোহাম্মদপুর, ঢাকা -১২০৭
১১. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক), শিক্ষা বোর্ড রাজশাহী
১২. পি এস টু চেয়ারম্যান, শিক্ষা বোর্ড রাজশাহী
১৩. অফিস নথি



উপ-পরীক্ষা নিয়ন্ত্রক স্ক্রিপ্ট

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী